গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৫৬৩.১২-৪৪৯

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪২৭ / ১০ ডিসেম্বর ২০২০

বিষয়ঃ রিট পিটিশন নং-৭৩৭৮/২০১২ মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগের ১৮/১১/২০১৫ খ্রি. তারিখের রায়/আদেশ অনুযায়ী মাদারীপুর জেলার রাজৈর উপজেলাধীন টেকেরহাট আল-হেরা মহিলা দাখিল মাদ্রাসা'র শিক্ষক-কর্মচারীদের বকেয়া বেতন-ভাতা (এমপিও) প্রদান সংক্রান্ত।

সূত্র:
(১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯, তারিখ: ৩১/০৫/২০১০ খি:
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯, তারিখ: ১৬/০৬/২০১০ খি:
(৩) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৩১.১৭ (অংশ)-২১, তারিখ: ১৭/০১/২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার রাজৈর উপজেলাধীন টেকেরহাট আল-হেরা মহিলা দাখিল মাদ্রাসাটি (গত ০১/৫/২০১০ খ্রি. তারিখ হতে কার্যকারিতা দিয়ে) এমপিওভুক্তির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত ৩১/৫/২০১০ খ্রি. তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে প্রকাশিত তালিকার ১৬৩ নং ক্রমিকে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম অন্তর্ভুক্ত ছিল।

২। পরবর্তীতে কোন কারণ দর্শানো ব্যতিরেকে একই মন্ত্রণালয়ের তারিখের ১৬/৬/২০১০ খ্রি. তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে এমপিও তালিকা হতে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম বাতিল করা হয়। ফলে উক্ত প্রতিষ্ঠানের সুপারিনটেনডেন্ট, জনাব মো: কামরুল ইসলাম সাঈদী কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭৩৭৮/২০১২ মামলা দায়ের করা হয়।

৩। রিট পিটিশন নং-৭৩৭৮/২০১২ মামলায় মাননীয় উচ্চ আদালত কর্তৃক ১৮/১১/২০১৫খ্রি. তারিখ প্রদত্ত রায়/নির্দেশনা নিম্নরূপ-

"The impugned letter No. শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯, dated 16.06.2010 (Annexure-D) is hereby declered to have been issued without any lawful authority and in of no ligal effect.

In consequence whereof, the respondetn No. 1, Government of Bangladesh represented by its Secretary, Ministry of Education, is directed to include name of the petitioner Madrasha in the MPO list within 30 (thirty) days from the date of receiving copy of this judgment and order for the rest of the period for which the MPO was granted by letter dated 31.05.2010 (Annexure-C), The respondent No. 1 may, if they receive any application and is satisfied about performance of the petitioner Madrasha consider their prayer for permanent enlistment in MPO

৪। রিট মামলার উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে আপিল নং-৩০৪১/২০১৬ মামলা দায়ের করা হয়। উক্ত আপিল মামলায় মহামান্য আপিল বিভাগ কর্তৃক গত ০৫/১০/২০১৭ খ্রি. তারিখে নিম্নরূপ রায়/ নির্দেশনা প্রদান করা হয়-

"The leave petition is out of time by 295 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. Accordingly, the Civil Petition for leave to appeal is dismissed as barred by limitation." ফলে রিট মামলায় প্রদত্ত রায় বহাল রয়ে যায়।

৫। পরবর্তীতে টিএমইডি কর্তৃক গত ১৭/০১/২০১৮ খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং পত্রমূলে রিট মামলার রায় বাস্তবায়ন তথা আলোচ্য প্রতিষ্ঠানটির (টেকেরহাট আল-হেরা মহিলা দাখিল মাদ্রাসা এর) দাখিল স্তর এমপিওভুক্তির আদেশ জারি করা হয়। সে প্রেক্ষিতে মাউশিঅ কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের জুলাই/১৮ মাস হতে এমপিও প্রদান করা হয় এবং বর্তমানে এমপিও চালু আছে।

৬। উল্লেখ্য- শিক্ষা মন্ত্রণালয়ের যে স্মারকমূলে {সূত্রোক্ত (১) নং স্মারক} কোন কারণ দর্শানো ব্যতিরেকে পিটিশনার এর প্রতিষ্ঠানটি এমপিও তালিকা হতে বাদ দেয়া হয়েছিল মহামান্য হাইকোর্ট কর্তৃক উক্ত স্মারকটির সিদ্ধান্ত বেআইনী ঘোষণাপূর্বক একই মন্ত্রণালয় হতে পূর্বে ঘোষিত ৩১/৫/২০১০ খ্রি. তারিখের সূত্রোক্ত (১) নং পত্রের সিদ্ধান্ত অনুযায়ী (রিট মামলার Annexure-C মূলে) পিটিশনার এর প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত করার জন্য রিট পিটিশন নং-৭৩৭৮/২০১২ মামলার ১৮/১১/২০১৫খ্রি. তারিখের রায়/আদেশ ঘোষিত হয়েছে।

৭। সে প্রেক্ষিতে পিটিশনার কর্তৃক Annexure-C মূলে পত্রের সিদ্ধান্ত (০১/৫/২০১০ খ্রি. তারিখ হতে কার্যকারিতা) অনুযায়ী আলোচ্য প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের (মে/২০১০ হতে জুন/২০১৮ পর্যন্ত) বকেয়া এমপিও প্রদানের দাবীতে সচিব, টিএমইডি বরারব আবেদন করা হয়েছে।

৮। উক্ত (মে/২০১০ হতে জনু/২০১৮ পর্যন্ত) বকেয়া এমপিও প্রাপ্তির দাবীতে পিটিশনার কর্তৃক ইতোমধ্যে কনটেম্পট পিটিশন নং-৪৩০/১৯ (রিট পিটিশন নং-৭৩৭৮/২০১২ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়েছে।

৯। উল্লেখ্য-(i) রিট পিটিশন নং-৭৩৭৮/২০১২ মামলায় মাননীয় উচ্চ আদালত কর্তৃক ১৮/১১/২০১৫খ্রি. তারিখ প্রদত্ত রায়-এ পিটিশনার এর কার্যক্রমে যদি respondent No. 1 সন্তুষ্ট হয় তাহলে তার মাদ্রাসাটি এমপিওভুক্তির প্রার্থনা বিবেচনা করতে পারেন মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া উক্ত প্রতিষ্ঠানটি এমপওভুক্ত করার জন্য রায়ে নির্দিষ্ট কোন তারিখ বা মাস উল্লেখ করা হয়নি।

(ii) সে প্রেক্ষিতে পিটিশনার এর প্রতিষ্ঠানটি Annexure-C এর সিদ্ধান্ত অনুযায়ী আলোচ্য প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের (মে/২০১০ হতে জুন/২০১৮ পর্যন্ত) বকেয়া এমপিও প্রদানের সুযোগ নেই।

(iii) কিন্তু যেহেতু রিট পিটিশন নং-৭৩৭৮/২০১২ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১৮/১১/২০১৫খ্রি. তারিখে প্রদত্ত রায়/আদেশ এর বিরুদ্ধে দায়েরকৃত আপীল মামলাটি খারিজ হয়ে গেছে এবং যেহেতু ঘোষিত রায়ে... include name of the petitioner Madrasha in the MPO list within 30 (thirty) days from the date of receiving copy of this judgment and order... মর্মে প্রদত্ত নির্দেশনা (within 30 (thirty) days এর পরিবর্তে) জুলাই/২০১৮ মাসে বাস্তবায়ন তথা এমপিওভুক্ত করা হয়েছে বিধায় আলোচ্য প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের অনুকূলে **জানুয়ারি/২০১৬ মাস হতে জুন/২০১৮ মাস** পর্যন্ত বকেয়া (প্রদেয় বকেয়ার মেয়াদে কর্মরত থাকা সাপেক্ষে উক্ত শিক্ষক-কর্মচারীদের) এমপিও আইনানুগভাবে প্রাপ্যতা রয়েছে।

১০। এক্ষণে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন -

(ক) রিট পিটিশন নং-৭৩৭৮/২০১২ মামলার ১৮/১১/২০১৫ তারিখের রায়/আদেশ অনুযায়ী মাদারীপুর জেলার রাজৈর উপজেলাধীন টেকেরহাট আল-হেরা মহিলা দাখিল মাদ্রাসা'র শিক্ষক-কর্মচারীদের অনুকূলে **জানুয়ারি/২০১৬ মাস হতে জুন/২০১৮** মাস পর্যন্ত বকেয়া (প্রদেয় বকেয়ার মেয়াদে কর্মরত থাকা সাপেক্ষে উক্ত শিক্ষক-কর্মচারীদের) এমপিও প্রদান করা;

(খ) রিট পিটিশন নং-৭৩৭৮/২০১২ মামলার ১৮/১১/২০১৫ তারিখের রায়/আদেশ পূর্ণাঙ্গভাবে বাস্তবায়নের বিষয়টি কনটেম্পট পিটিশন নং-৪৩০/১৯ (রিট পিটিশন নং-৭৩৭৮/২০১২ হতে উদ্ভুত) মামলা সংশ্লিষ্ট আদালত-কে অবহিত করা;

(গ) চলমান মামলা এবং ভবিষ্যতে রুজু হবে এরূপ মামলা যথাযথ মনিটরিং এর মাধ্যমে সরকারি স্বার্থ নিশ্চিত করা;

(ঙ) তামাদির কারণে দায়েরযোগ্য আপিল মামলা যাতে খারিজ না হয়ে যায় তা নিশ্চিত করা; অন্যথায় তা মহোদয়ের ব্যক্তিগত দায় হিসেবে বিবেচিত হবে।

১১। এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনামতে ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি (প্রমাণকসহ) আগামি ২৭/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হল।

২০/১২/২০২০

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। সুপারিনটেনডেন্ট, টেকেরহাট আল-হেরা মহিলা দাখিল মাদ্রাসা, উপজেলা- রাজৈর, জেলা-মাদারীপুর **(মহামান্য আদালতের নির্দেশনামতে বকেয়া প্রদানের বিষয়টি মহামান্য কনটেম্পট আদালতের গোচরে নিয়ে টিএমইডি-কে অবহিতির অনুরোধসহ)।**
৯। অফিস কপি/মাস্টার কপি।